

# সাভার সরকারি কলেজ

## সাভার, ঢাকা

অনার্স ১ম বর্ষ (২০২৪) 'ভর্তি আবেদন ফি' অনলাইনে জমা দেওয়া প্রসঙ্গে:

সাভার সরকারি কলেজে (কোড:৬৪০১) প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে (শিক্ষাবর্ষ:২০২৩-২০২৪) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন বিষয়ে ভর্তির প্রাথমিক আবেদন কার্যক্রম ২২-০১-২০২৪ বিকাল ৪টায় থেকে ১১-০২-২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।

'ভর্তি আবেদন ফি' নিচের নির্দেশনা অনুযায়ী অনলাইনে জমা দেওয়া যাবে।

[উল্লেখ্য, ফি জমাদানের আগে NU এর website এ গিয়ে অনলাইনে ভর্তির জন্য আবেদন করতে হবে।]

ধাপ-১: [www.savargc.gov.bd](http://www.savargc.gov.bd) (ক্লিক করতে হবে)

ধাপ-২: PAYMENT (ক্লিক করতে হবে)

ধাপ-৩: Payment Hons ১st Year (ক্লিক করতে হবে)

ধাপ-৪: Apply (ক্লিক করতে হবে)

ধাপ-৫: Admission fee form পূরণ করতে হবে এবং সাবমিট করতে হবে ( প্রাপ্ত Application ID ও Password সংরক্ষণ করতে হবে )

ধাপ-৬: Application ID ও Password দিয়ে লগইন করতে হবে ।

ধাপ-৭ : পেমেট অপশনে গিয়ে যেকোনো মোবাইল ব্যাংকিং প্ল্যাটফর্ম থেকে অনলাইনে ৩৫০/- টাকা জমা দিতে হবে (টাকা জমা দেওয়ার এসএমএস মোবাইলে পাওয়া যাবে)।

ধাপ-৮: প্রদর্শিত অপশন থেকে মানি রিসিপ্ট ও পূরণকৃত ফরম ডাউনলোড করে প্রিন্টকপি সংরক্ষণ করতে হবে।

উপরের ধাপগুলো অনুসরণ করলে এখানেই ভর্তি আবেদন ফি জমা দেওয়া শেষ হবে। কয়েকদিনের মধ্যেই জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে আবেদন নিশ্চয়ন এসএমএস পাওয়া যাবে।

কলেজের ওয়েবসাইট থেকে অনলাইনের মাধ্যমে আবেদন ফি ৩৫০/- টাকা জমা না দিলে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে আবেদন নিশ্চয়নের এসএমএস পাওয়া যাবে না এবং আবেদন গ্রহণযোগ্য হবে না।

আপাতত, মানি রিসিপ্ট ও পূরণকৃত ফরম কোথাও জমা দিতে হবে না। কেউ ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হলে এগুলোর প্রয়োজন হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলি অনুসরণ করে যেকোনো আবেদন করতে পারবেন। আবেদনকারীদের মেধা অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয় বিভিন্ন কলেজে, বিভিন্ন বিভাগের শিক্ষার্থী নির্বাচন করে থাকে। এক্ষেত্রে সাভার সরকারি কলেজের নিজস্ব করণীয় কিছুই নেই।

উল্লেখ্য: সাভার সরকারি কলেজে টিউশন ফিসহ অন্যান্য সকল ফি সরকার নির্ধারিত এবং অনুমোদিত হারে নেওয়া হয়। নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির জন্য একবছরের টিউশন ফি, ভর্তি ফি, সেমিনার ফি এবং অন্যান্য ফিসহ সর্বমোট (+,-) ৬০০০/- টাকা লাগতে পারে।

ভর্তি নির্বাচনের পর এবিষয়ে বিস্তারিত জানিয়ে নোটিশ দেওয়া হবে।

প্রসঙ্গত, সাভার সরকারি কলেজের প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে বিষয়ভিত্তিক আসনসংখ্যা নিচে দেওয়া হলো:

- ১) ইংরেজি-১০০
- ২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৫০
- ৩) ইসলামিক স্টাডিজ-৫৫
- ৪) রাষ্ট্রবিজ্ঞান-২০০
- ৫) সমাজকর্ম-২০০
- ৬) অর্থনীতি-২০০
- ৭) মার্কেটিং-২০০
- ৮) হিসাববিজ্ঞান-২১০
- ৯) ব্যবস্থাপনা-২০০
- ১০) প্রাণিবিদ্যা-১০০
- ১১) ভূগোল ও পরিবেশ বিজ্ঞান -৬৫
- ১২) গণিত-৬৫

বিশেষ দৃষ্টব্য: সাভার সরকারি কলেজে ভর্তির জন্য কোনো তদবির বা সুপারিশ গ্রহণযোগ্য নয়।

একমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রেরিত তালিকা থেকেই সাভার সরকারি কলেজে ভর্তি করা হয়।

অনেক অনেক ধন্যবাদ সকলকে।

অধ্যক্ষ

